গাংনীর হেমায়েতপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই ওয়াহিদুজ্জামানের ইন্তেকাল

মেহেরপুরের গাংনীর হেমায়েতপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই ওয়াহিদুজ্জামান (৫৫) ইন্তেকাল করেছেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইল্লাহি রাজিউন)।

মঙ্গলবার সন্ধ্যায় ৭ টায় ঢাকা ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এসআই ওয়াহিদুজ্জামানের বাড়ি মাগুড়া জেলার শ্রীপুর উপজেলার তখলপুর গ্রামে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো: ওবাইদুর রহমান জানান,সোমবার সন্ধ্যায় কর্তব্যরত অবস্থায় এসআই ওয়াহিদুজ্জামান হৃদরোগে আক্রান্ত হয়ে পড়ে।

অসুস্থ অবস্থায় প্রথমে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎস তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। সেখানে তার অবস্থার অবনতি হলে ঢাকা ন্যাশনাল হার্ড ফাউন্ডেশন হাসপাতালে নেয়া হলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এসআই ওয়াহিদুজ্জামানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তার পরিবারের প্রতি সমবেদন জানিয়েছেন রুহের আত্মার মাগফেরাত কামনা করেন মেহেরপুরের পুলিশ সুপার এসএম মুরাদ আলি ও গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান।

মেহেরপুর প্রথম করোনা রোগীর

মৃত্যু

মেহেরপুর জেলায় প্রথম করোনা ভাইরাসে মৃত্যু। গতকাল মুজিবনগরে ভবেরপাড়া ইদ্রীস আলী নামের এক ব্যক্তির করোনা উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছিল।

বৃহস্পতিবার সকালে মেহেরপুরের সিভিল সার্জন মো: নাসির উদ্দীন এ তথ্য নিশ্চিত করেছেন। বুধবার দুপুর ২ টায় মেহেরপুর জেনারেল হাসপাতালে ওই ব্যাক্তির মৃত্যু হয়। পরে তার নমুনা সংগ্রহ করে যশোরে পাঠানো হয়েছিল।

আজ সকালে তার রিপোর্ট আসলে জানা যায়। তিনি করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যু বরন করেন। ইদ্রীস আলী শ্বাসকষ্ট, সর্দি, জ্বর হওয়ার কারনে তিনি কিছুটা অসুস্থ ছিলেন।

মেহেরপুরে ফেন্সিডিলসহ রিপন আটক

মেহেরপুরে ৫ বোতল ফেন্সিডিলসহ রিপন খান নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

বুধবার বিকালে মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকা থেকে তাকে আটক করা হয়৷

আটক রিপন খান চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার চারুলিয়া গ্রামের মৃত বোরহান উদ্দিন এর ছেলে। সে মেহেরপুর শহরের জামে মসজিদ পাড়ায় ভাড়া বাসায় স্ত্রীসহ থাকে।

এর আগেও নতুন পাড়ায় হায়দার আলীর বাড়ির তিন তলা ভাড়া নিয়ে বিভিন্ন অপকর্ম করার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, বুধবার বিকালে রিপন খান নামের এক মাদক ব্যবসায়ীকে আটক

করা হয়। এসময় তার কাছ থেকে ৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়৷ মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

কঠোর অবস্থানে মেহেরপুর জেলা পুলিশ

মেহেরপুর জেলায় প্রথম করোনা রোগী শনাক্ত হওয়ার পর মেহেরপুরে পুলিশকে জনসচেতনতায় কঠোর ভূমিকায় দেখা যায়।

বুধবার সকাল থেকেই মেহেরপুর শহরের বিভিন্ন মোড়ে মোড়ে অভিযান চালাতে দেখা যায়।

সেই সাথে জেলা পুলিশ বুধবার থেকে সকল অটো, ইজিবাইক, রিক্সা চলাচল বন্ধ করার ঘোষণা দিয়েছে।

ট্রাফিক ইনস্পেক্টর ইসমাইল হোসেনের নেতৃত্বে মেহেরপুর হোটেল বাজার মোড় এবং বড় বাজার এলাকায় অভিযান চালানো হয়।

এ সময় শহরের চলাচলরত রিস্কা ও ইজিবাইক না চালানোর নির্দেশ দেন। সেই সাথে সাধারণ পথচারীদের অযথা বাইরে ঘোরাঘুরি না করে বাড়িতে অবস্থানের জন্য অনুরোধ করেন।

মুজিবনগরে করোনা উপসর্গে মৃত ব্যক্তির লাশ দাফনের ভয়ে

কমিটির পলায়ন

মেহেরপুর জেলা ইসলামী ফাউন্ডেশন কর্তৃক করোনা আক্রান্ত হয়ে মৃত ব্যক্তিদের দাফন-কাফনের ক্ষেত্রে মুজিবনগরের জন্য আলেমদের নিয়ে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

এই কমিটির ৫ জন সদস্য করোনা আক্রান্ত বা করোনা উপসর্গ নিয়ে মৃত ব্যক্তির লাশ দাফন করার কথা। কিন্তু আজ বুধবার দুপুরে মুজিবনগরের ভবের পাড়ায় করোনা উপসর্গ নিয়ে মৃত ব্যক্তির লাশ দাফনে অপারগতা প্রকাশ করে।

পরে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ওসমান গনির উদ্যোগে লাশটি দাফন করা হয়।

এ নিয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ওসমান গনি একটি ফেসবুক স্ট্যাটাস দিয়েছেন। ফেসবুক স্ট্যাটাসটি হুবহু তুলে ধরা হলো –

অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে বলছি……

পাঁচজন আলেমই অপারগতা প্রকাশ করে চলে গেলেন!!!!!

মুজিবনগর উপজেলার ভবরপাড়া গ্রামে আজ একজন করোনা সন্দেহভাজন ব্যক্তি মারা গেলেন। ইনালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। পরীক্ষার জন্য আজ তাঁর স্যাম্পল পাঠানো হয়েছে কিন্তু ফলাফল আসেনি।

মেহেরপুর জেলা ইসলামী ফাউন্ডেশন কর্তৃক করোনা আক্রান্ত হয়ে মৃত ব্যক্তিদের দাফন-কাফনের ক্ষেত্রে মুজিবনগরের জন্য আলেমদের নিয়ে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে । ইতঃপূর্বে একদিন আমার অফিসে ডেকে তাদের ব্রিফিংও করা হয়েছে।

মৃত ব্যক্তির কাফন-দাফনের জন্য আজ ইসলামী ফাউন্ডেশন কর্তৃক গঠিত পাঁচজনসহ মোট ছয়জন আলেমকে ডাকা হয়। করোনা সন্দেহে মৃত্যুর কথা শুনে পাঁচজন সদস্যই অপারগতা প্রকাশ করেন। তাঁরা বলেন “আগে থেকে তাঁদের বলা হয়নি করোনা আক্রান্ত ব্যক্তিকে দাফন করতে হবে।” আমি তাদের অনেক বুঝানোর চেষ্টা করলাম, যে ব্যক্তি মারা গেছেন তিনি হয়ত করোনা আক্রান্ত না, শুধু সন্দেহের কারণে স্যাম্পল পাঠানো হয়েছে। তাছাড়া এই কমিটিতো শুধু করোনার কারণে মৃত্যু বা করোনা

সন্দেহ মৃত্যু ব্যক্তিদের দাফনের জন্য গঠিন হয়েছে। তথাপিও নানা অজুহাতে তারা একজন-দুইজন করে আমার কক্ষ ত্যাগ করে চলে যান। আমরা তখন খুব বিপদে পড়ে যাই এবং অত্যন্ত নিরুপায় হয়ে পড়ি।

তখন ডিসি স্যারের সাথে আলোচনাক্রমে আমি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং থানার অফিসার ইনচার্জ (তদন্ত) আল্লাহর উপর ভরসা করে তিনজন একসাথে লাশ দাফনের জন্য যাত্রা করি। হুজুরদের জন্য আনা পিপিই স্থানীয় মৃত ব্যক্তির আত্মীয়দের মধ্য থেকে চার যুবককে পরানো হয়।

জানাজা পড়ানোর জন্য আমরা নিজেরাই প্রস্তুতি নিচ্ছিলাম। কিন্তু শেষ মুহুর্তে মাওলানা তৌহিদুল ইসলাম, ইমাম, গোপালনগর জামে মসজিদ এসে জানাজায় ইমামতি করেন। অনেক ধন্যবাদ হুজুরকে।

অতঃপর আমরা তিনজন কর্মকর্তা ও পাঁচজন যুবক মিলে লাশ দাফন করলাম।

শুধু একটি বিষয় অজানা রইলো,পাঁচজন আলেম আমাদের কি শিক্ষা দিয়ে গেলেন তা বুঝতে পারলাম না।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নের ত্রাণ সামগ্রী বিতরণ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে ত্রাণ বিতরণ করা হয়।

বুধবার সকালে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ৪৫০জন কর্মহীন মানুষের মাঝে এাণ সামগ্রী বিতরণ করা হয়।

প্রয়োজন যেখানে, ত্রাণ পৌঁছে যাবে সেখানে” মেহেরপুর জেলা প্রশাসনের এ স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে সরকারিভাবে করোনাভাইরাসের বিস্তার রোধ ও চলমান পরিস্থিতি মোকাবেলায় দরিদ্র দিনমজুর মানুষদের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করে এ সময় প্রত্যেক পরিবারকে ১৫ কেজি করে চাল

দেওয়া হয় এবং এটি চলমান থাকবে বলে জানায়।এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক রহমতুল্লা এবং বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ্জামাল, ইউপি সচিব সানোয়ার ।

গাংনীতে দুই দোকান মালিককে জরিমানা

সরকারের আদেশ অমান্য করায় মেহেরপুরের গাংনী উপজেলা শহরের দুই দোকান মালিককে অর্থদন্ড করেছে ভ্রম্যমান আদালত।

বুধবার দুপুরে ভ্রাম্যমান আদালতের অভিযানে গাংনী বাজারের লেডিস টাচ এন্ড জেন্টস মেলার মালিক রেজাউল ইসলাম ও সাইদ হার্ডওয়ারের মালিক আবু সাইদকে ২হাজার টাকা করে মোট ৪ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালতে নির্বাহী ম্যাজিষ্ট্রেট অনিক।

এছাড়াও কালাম হার্ডওয়ারের মালিক মোঃ আবুল কালাম ও আমিরুল মার্কেট এর এক দর্জি ব্যবসায়ীকে মৌখিকভাবে সতর্ক ও মুচলেকা নিয়ে ছেড়ে দেন।

মুজিবনগরে করোনা উপসর্গ নিয়ে ১ জনের মৃত্যু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে ইদ্রিস শাহ নামের একজন করোনা উপসর্গ নিয়ে মৃত্যু বরণ করেন।

বুধবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালে তার মৃত্যু হয়।

মৃত ইদ্রিস শাহ মুজিবনগর উপজেলার ভবের পাড়া গ্রামের সুফল শাহর

ছেলে।

মৃত ইদ্রিস শাহর ছোট ভাই ফোয়াদ শাহ জানান, বুধবার সকালে আমার ভায়ের মাথা ব্যাথা শুরু হয়। এজন্য প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়৷ সেখান থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। পরে দুপুর ১টার দিকে তার মৃত্যু হয়।

জেনারেল হাসপাতালের আরএমও মখলেছুর রহমান জানান, মাথায় যন্ত্রণা নিয়ে ইদ্রিস আলি হাসপাতালে আসে। পরে দুপুরে তার মৃত্যু হয়।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, মৃত ব্যক্তির নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট আসার পর জানা যাবে করোনায় আক্রান্ত ছিল কি না।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে চাঁদাবাজি মামলার ২ আসামী আটক

মেহেরপুরে চাঁদাবাজি মামলার এজাহার ভুক্ত ২ আসামীকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ।

বুধবার ভোর রাতে পুলিশ পরিদর্শক খন্দকার শাহ আলম ও এসআই অজয় কুমার কুন্ডু সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করেন।

আটককৃতরা হলেন মেহেরপুর শহরের বড় বাজার পাড়ার মহিউদ্দিন শেখ এর ছেলে রাকিবুল ইসলাম রকি(৩৩) ও মন্ডলপাড়ার হান্নান চৌধুরী হানার ছেলে টনিক(২৩)।

আটককৃত আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি চাঁদাবাজির মামলা আছে যার নং ১৫।

পুলিশ পরিদর্শক খন্দকার শাহ আলম ও এসআই অজয় কুমার কুন্ডু সঙ্গীয়

ফোর্স নিয়ে তাদের আটক করেন।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, চাঁদাবাজির মামলার আরও আসামী পলাতক রয়েছে।

যারা মেহেরপুর শহরসহ বিভিন্ন জায়গায় চাঁদাবাজি সহ বিভিন্ন অপকর্মের সাথে জড়িত। পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে আমাদের অভিযান অব্যাহত আছে।

মেপ্র/এমএফআর

দায়িত্বে উদাসীন গাংনীর পিআইও

মেহেরপুর জেলার গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর বিরুদ্ধে দায়িত্বে উদাসিনতার অভিযোগ উঠেছে। পিআইও অফিসের অধীনে কাজে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ থাকলেও অর্থনৈতিক লেনদেনে তিনি তদারকিতে উদাসিনতা করেন।

গাংনী পিআইও অফিসের উপ-সহকারী প্রকৌশলী জাকির হোসেনের জোগসাজোসে তিনি এ কাজটি করেন বলে বিভিন্ন মাধ্যমে জানা যায়। এছাড়াও বিভিন্ন ঠিকাদারের কাছ থেকে অবৈধ লেনদেনের অভিযোগ রয়েছে জাকির হোসেনের বিরুদ্ধে।

সম্প্রতি গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কের চলমান কাজ সম্পর্কে জানেন না বলে জানিয়েছেন গণমাধ্যমকে। ভাটপাড়ার নির্মানাধীন স্মৃতিস্থম্ভ নির্মানে অনিয়মের

অভিযোগ নিয়ে মেহেরপুর প্রতিদিনে একটি সংবাদ প্রকাশিত হয়। এরপর উপজেলা প্রশাসন কাজটি বন্ধ রাখার নির্দেশ দেন।
কিন্তু গতকাল মঙ্গলবার সরেজমিনে গিয়ে দেখা যায় প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে নির্মান কাজ চলছিল। এ বিষয়ে পিআইও নিরঞ্জন চক্রবর্তীর কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, আমার জানামতে কাজটি স্থগিত আছে।

সেই সাথে পশ্চিম পাশে স্মৃতিস্থম্ভ নির্মান কাজে ব্যবহার হচ্ছে

নিম্ন মানের ইট। এ নিয়ে সংবাদ প্রকাশের পরও ইট গুলোকে ব্যবহার করা হচ্ছে। এ বিষয়ে পিআইও বলেন, এর উপর দিয়ে ঢালাই হবে।

অথচ এর আগে তিনি বলেন, স্মৃতিস্থম্ভ নির্মানে কোন জায়গায় নিম্নমানের ইট ব্যবহার করার সুযোগ নেই। অভিযোগ উঠেছে পিআইও অফিসের জোগসাজোসেই নির্মান কাজ চলছে।

চলমান কাজ পরিদর্শনে পিআইও অফিস থেকে শাহিন নামের একজন ইকো পার্কে অবস্থান করেন। কিন্তু বাস্তবে এর কোন প্রমান পাওয়া যায়নি।

এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানান উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।